



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর ৪৬তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে 'আলোচনা সভা' অনুষ্ঠিত



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর ৪৬তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২১ উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ১৫ আগস্ট-২০২১, রবিবার, রাত ৮টায় এক আলোচনা সভা ভার্সুয়াল প্ল্যাটফর্ম Online-এ BdREN Zoom-এর মাধ্যমে অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং সঞ্চালনা করেন রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান।

সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক বলেন, “বঙ্গবন্ধু কখনো অন্যায়ের সাথে আপোস করেন নি। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁর ছাত্রত্ব অন্যায়ভাবে বাতিল করলেও তিনি মুচলেকা প্রদান করেন নি। পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁর ছাত্রত্ব ফেরৎ প্রদান করতে বাধ্য হয়েছিল।”

তিনি নতুন প্রজন্মের শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, “আজকের দিনেও অনেক শিক্ষার্থীরা পথভ্রষ্ট হয়ে স্বাধীনতা বিরোধী শক্তির রাজনীতিতে জড়িয়ে পড়ছে। বিবেক-বুদ্ধি সম্পন্ন নতুন প্রজন্মের শিক্ষার্থীরা কিভাবে এসকল অপশক্তির সাথে



জড়িত হয়ে পড়ছে- তা আমার বোধগম্য নয়। স্বাধীনতার ইতিহাস সঠিকভাবে জানলে ও চর্চা করলে নতুন প্রজন্ম অপশক্তির কবল থেকে নিজেদের রক্ষা করতে পারবে এবং দেশ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারবে। তাইলেই বঙ্গবন্ধুর সত্যিকারের সোনার বাংলা গড়া সম্ভব হবে।”



ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বলেন, “বঙ্গবন্ধু শিক্ষকদের প্রতি অগাধ শ্রদ্ধাবোধ ছিল। কিন্তু অনেক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা বঙ্গবন্ধুর সঠিক জীবনী নিয়ে আলোচনা করতে চান না। এতে করে শিক্ষার্থীরা বাঙালি জাতির স্বাধীনতার সঠিক ইতিহাস জানতে পারছে না।”

এসময় তিনি বঙ্গবন্ধুর সঠিক জীবনাদর্শ জেনে, স্ব-স্ব অবস্থান থেকে তাঁর আদর্শ ধারণা ও লালন করে দেশ গঠনের জন্য ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

এছাড়াও আলোচনা সভায় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. এ. কে. এম. মনিরুজ্জামান, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডল, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন, অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল ইসলাম, জগন্নাথ



বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, কর্মকর্তা সমিতির সভাপতি মোহাম্মদ কামাল হোসেন, কর্মচারী সমিতির সভাপতি এরশাদ মিয়া ও সহায়ক কর্মচারী সমিতির সভাপতি আবু সাঈদ বক্তব্য প্রদান করেন। আলোচনা সভায় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, প্রক্টর, সহকারী প্রক্টর, শিক্ষার্থী, কর্মকর্তা, সাংবাদিক প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

আলোচনা সভায় বক্তারা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবনের বিভিন্ন দিক, আদর্শ, বাঙালি জাতীয়বাদ ও অসাম্প্রদায়িকতাসহ নানাবিধ আন্দোলন সংগ্রামের ইতিহাস তুলে ধরা হয়েছে। সেই সাথে বঙ্গবন্ধুকে হত্যার মাধ্যমে কিভাবে দেশে আবারও সাম্প্রদায়িক ও স্বাধীনতা বিরোধীরা ক্ষমতায় আসীন হয়ে দেশকে ধ্বংসের মুখে ঠেলে দিয়েছিল তা আলোকপাত করা হয়। এসময় বঙ্গবন্ধুর খুনের নেপথ্যে জড়িতদেরও বিচারের আওতায় আনার দাবি জানানো হয়।